



প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড

জাতীয় স্কাউট ভবন (৬ষ্ঠ, ৭ম, ৮ম এবং ৯ম তলা), ৬০, আঞ্জুমান মফিদুল ইসলাম রোড,
কাকরাইল, ঢাকা-১০০০।

১৪তম (চতুর্দশ) বার্ষিক সাধারণ সভার নোটিশ

মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের Company Matter No. 147 of 2016 এর বিগত ০৭/০৫/২০১৯ খ্রিঃ তারিখের রায় ও আদেশের আলোকে প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেডের সম্মানিত শেয়ারহোল্ডারগণকে জানানো যাচ্ছে যে, কোম্পানীর মেয়াদোত্তীর্ণ (Pending) ১৪তম (চতুর্দশ) বার্ষিক সাধারণ সভা ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি), ১৬০/এ কাকরাইল, ভিআইপি রোড, ঢাকায় আগামী ১২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার বেলা- ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত সভার আলোচ্য বিষয় সমূহ নিম্নরূপ:

আলোচ্যসূচী

আলোচ্যসূচী-১। মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আদেশের আলোকে ৩১শে ডিসেম্বর, ২০১৩ খ্রিঃ সালের সমাপ্ত অর্থ-বছরের উপর কোম্পানীর পরিচালকমন্ডলীর প্রতিবেদন, নিরীক্ষকবৃন্দের প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।

আলোচ্যসূচী- ২। লভ্যাংশ ঘোষণা।

আলোচ্যসূচী- ৩। পরিচালকবৃন্দের অবসর গ্রহণ ও পুনঃনির্বাচন অনুসমর্থন।

তারিখঃ ২৬ আগষ্ট, ২০১৯ খ্রিঃ

ঢাকা।

পরিচালকমন্ডলীর আদেশক্রমে,

(মোঃ জহির উদ্দিন)

কোম্পানী সচিব (ভারপ্রাপ্ত)

বিশেষ দ্রষ্টব্যঃ

- ০১। রেকর্ড ডেট ২২ আগষ্ট, ২০১৯ খ্রিঃ। যে সকল শেয়ারহোল্ডারগণের নাম উক্ত তারিখে কোম্পানীর শেয়ার রেজিস্ট্রারে নথিভুক্ত হবে তারাই সভায় উপস্থিত হওয়ার এবং লভ্যাংশ পাওয়ার যোগ্য হবেন।
- ০২। সভায় উপস্থিত ও ভোট প্রদানে অধিকারপ্রাপ্ত সদস্য/সদস্যা তার পরিবর্তে একজনকে প্রক্সি নিয়োগ করতে পারবেন। প্রত্যেক প্রক্সি কোম্পানীর একজন শেয়ারহোল্ডার হিসাবে গণ্য হবেন।
- ০৩। প্রক্সি ফরম অবশ্যই ২০/- (বিশ) টাকা মূল্যের রাজস্ব স্ট্যাম্পযুক্ত হতে হবে এবং সভার নির্ধারিত সময়ের অন্ততঃ ৪৮ ঘণ্টা পূর্বে কোম্পানীর রেজিস্ট্রার্ড অফিসে জমা দিতে হবে।
- ০৪। সদস্য/সদস্যবৃন্দের ঠিকানা পরিবর্তন হলে তা কোম্পানির প্রধান কার্যালয়ের শেয়ার বিভাগ/সচিব বিভাগে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।
- ০৫। সভার প্রবেশদ্বারে নোটিশের সঙ্গে পাঠানো উপস্থিতিপত্র জমা দিতে হবে।

বিহ্বলঃ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন-এর সার্কুলার নং- এসইসি/সিএমআরআরসিডি/ ২০০৯-১৯৩/১৫৪ অক্টোবর ২৪, ২০১৩ অনুযায়ী অত্র কোম্পানীর ১৪তম (চতুর্দশ) বার্ষিক সাধারণ সভায় কোন উপহার/গিফট কুপন/খাদ্য সামগ্রী প্রদান করা হবে না।

প্রগ্রেসিভ জীবন; আর্থিক নিরাপদ জীবন।